এলডিসি পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জে প্রস্তুতি নিতে হবে: তারেক রহমান



সংগৃহীত ছবি

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বাংলাদেশের উত্তরণের পর সম্ভাব্য ঝুঁকি ও চ্যালেঞ্জ নিয়ে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি উৎপাদনশীলতা বাড়ানো, অবকাঠামো উন্নয়ন, ঋণ সংকট নিরসন ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখার ওপর গুরুত্বারোপ করেন

স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকা থেকে বাংলাদেশের উত্তরণ পরবর্তী সময়ে সম্ভাব্য ঝুঁকি ও চ্যালেঞ্জ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) নিজের ফেসবুক ভেরিফায়েড অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি এ বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেন।

তারেক রহমান উল্লেখ করেন, উত্তরণের পর অর্থনীতি ও জনগণ সরাসরি প্রভাবিত হতে পারে। বিশেষ করে রপ্তানিনির্ভর পোশাক খাত ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। প্রতিযোগিতায় টিকে থাকতে হলে উৎপাদনশীলতা বৃদ্ধি, আধুনিক অবকাঠামো গড়ে তোলা এবং বাণিজ্য সরবরাহ ব্যবস্থাকে শক্তিশালী করার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, এলডিসি থেকে উত্তরণের পর বিশ্ব বাণিজ্য সংস্থা (ডব্লিউটিও) প্রদত্ত ভর্তুকিসহ বিভিন্ন বাণিজ্য সুবিধা আর পাওয়া যাবে না, যার ফলে প্রয়োজনীয় ওষুধের দাম বাড়তে পারে। এ অবস্থায় দেশের ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে ঝুঁকিমুক্ত রাখতে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ জরুরি বলে মন্তব্য করেন তারেক রহমান।

পোস্টে তিনি দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ সংকট ও ঋণের চাপকেও একটি বড় চ্যালেঞ্জ হিসেবে তুলে ধরেন।